# মুখতাসার যাদুল মা‘আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ)

স্বপ্নের বিষয়ে নাবী (সাঃ) এর সুন্নাত

নাবী (ﷺ) থেকে সহীহ সূত্রে বর্ণিত হয়েছে যে, ভাল স্বপ্ন আল্লাহর পক্ষ হতে এবং অপছন্দনীয় স্বপ্ন শয়তানের পক্ষ হতে। সুতরাং যে ব্যক্তি অপছন্দনীয় কোন স্বপ্ন দেখে সে যেন বাম দিকে থুথু ফেলে এবং শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করে। তাহলে শয়তান তার কোন ক্ষতি করতে পারবেনা। আর সে যেন সেই স্বপ্নের বিষয় কাউকে না বলে। আর যদি ভাল ও পছন্দনীয় স্বপ্ন দেখে সে যেন খুশী হয় এবং একান্ত প্রিয় ব্যক্তি ছাড়া অন্য কাউকে স্বপ্নের বিষয় না বলে।[1] যে ব্যক্তি অপছন্দনীয় কোন স্বপ্ন দেখবে তিনি তাকে পার্শ্ব পরিবর্তন করে শয়ন করার আদেশ দিয়েছেন এবং সলাত পড়তে বলেছেন। সব মিলিয়ে দেখা যায় যে ব্যক্তি অপছন্দনীয় কোন স্বপ্ন দেখবে তার জন্য তিনি পাঁচটি আদেশ দিয়েছেন।

- ১. বাম দিকে থুথু ফেলবে।
- ২. আউযু বিল্লাহি মিনাশ্ শাইতানির রাজীম পাঠ করবে।
- ৩. কাউকে সে বিষয়ে সংবাদ দিবেনা।
- ৪. পার্শ্ব পরিবর্তন করবে এবং
- ৫. সলাত আদায় করবে।

নাবী (ﷺ) বলেন- ব্যাখ্যা না করা পর্যন্ত স্বপ্নের বিষয়টি স্বপ্ন দর্শকের উপরই উড়তে থাকে। ব্যাখ্যা করা হলে তা সংঘটিত হয়ে যায়। সুতরাং স্বপ্নের কথা শুধু প্রিয়তম ব্যক্তি অথবা স্বপ্নের ব্যাখ্যা সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তি ছাড়া অন্য কারও কাছে বলবেনা। নাবী (ﷺ) থেকে আরও বর্ণনা করা হয় যে, তিনি স্বপ্ন দর্শককে বলতেন- তুমি ভালই দেখেছ। অতঃপর তিনি স্বপ্নের ব্যাখ্যা করতেন।

## ফুটনোট

[1]. বুখারী, অধ্যায়ঃ কিতাবুত তাবীর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন